দৈনিক বাংলা

তারিখ ... 17.2.86
পৃষ্ঠা ... 1 কলাম 1 ...

01

# ৬ জন মন্ত্রীর দফতর পুনর্বণ্টন

প্রেসিডেন্ট রোববার ছ'জন মন্ত্রী ও একজন প্রতিমন্ত্রীর দফতর পুনর্বণ্টন করেছেন।

সরকারী সূত্রের বরাত দিয়ে বাসস পরিবেশিত এ খবরে বলা হয়, এই পুনর্বিন্যাস অনুযায়ী মেজর জেনারেল আবদুল মান্নান সিদ্দিকী এখন ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়ের দায়িত্বে থাকবেন। পক্ষান্তরে স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাবে মেজর জেনারেল মাহমুদুল

(৫-এর পৃঃ দ্রঃ)

## ছয়জন মন্ত্রী

১ম পৃঃ পর

হাসানের দায়িত্বে।

এয়ার ভাইস মার্শাল (অবঃ) আমিনুল ইসলামকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়েছে। আর শামসুল হুদা চৌধুরী থাকবেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে।

অধ্যাপক এম এ মতিনকে শিক্ষামন্ত্রণালয়ে এবং সালাউদ্দিন কাদের চৌধুরীকে পূর্ত মন্ত্রণালয়ে বদলী করা হয়েছে।

প্রতিমন্ত্রী মোস্তফা জামাল হায়দারকে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে নিয়োজিত করা হয়েছে।